দৈনিক ইত্তেফাক

365

তারিখ ... MAR. 1 4 1999

পৃষ্ঠা ৪ কলাম ৬

## স্বাস্থ্য প্রতিষ্ঠানের জায়গায় শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন প্রসঙ্গে

টাঙ্গাইল শহরের প্রাণকেন্দ্র আকুর টাকুর পাড়ায় অবস্থিত পুরাতন হাসপাতাল নামে একটি সরকারী প্রতিষ্ঠান চালু ছিল। এই হাসপাতালটি স্থাপনের জন্য জমি দানপত্র করিয়া দিয়া যান তৎকালীন জমিদার রানী বিন্দুবাসিনী। পরে স্থান সংকুলানের অভাবে হাসপাতালটি জেনারেল হাসপাতাল, টাঙ্গাইলে স্থানান্তর করা হয়। বর্তমানে সেই পুরাতন হাসপাতালটি থানা স্বাস্থ্য কমপ্লেক্স হিসাবে চালু রহিয়াছে। এই হাসপাতালটি অন্যত্র স্থানান্তর করিয়া এখানে একটি মহিলা কলেজ করার সিদ্ধান্ত নেওয়া হইয়াছে। স্বাস্থ্য খাতের জায়গা শিক্ষাখাতে নেওয়া যাইবে কিনা এ ব্যাপারে অনেকের মনেই সন্দেহের সৃষ্টি হইয়াছে। তাহার উপর একটি সরকারী প্রতিষ্ঠান তুলিয়া দিয়া উহার স্থলে একটি বেসরকারী কলেজ স্থাপন করা কতটুকু যুক্তিসঙ্গত সে প্রশ্নও রহিয়াছে। তাহাছাড়া এলাকাবাসী চায় হাসপাতালটি উহার বর্তমান স্থানেই থাকুক। এমতাবস্থায় হাসপাতালটি যাহাতে যথাস্থানে থাকিতে পারে তাহার ব্যবস্থা গ্রহণে উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—নাম প্রকাশে অনিচ্ছুক।